রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, মার্চ ১৬, ২০১০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ

মুদ্রণ ও প্রকাশনা শাখা।

## প্রজ্ঞাপন

তারিখ, ১১ মার্চ ২০১০

নং ৪৭-(আঃমঃ)(লেঃসঃ)(মুঃপ্রঃ)(অনুবাদ)—সরকার, কার্যবিধিমালা, ১৯৯৬ এর প্রথম তফসিল (বিভিন্ন মন্ত্রণালয় এবং বিভাগের মধ্যে কার্যবন্টন) এর আইটেম ৩০ এর ক্রমিক ৭ ও ১০ এবং মন্ত্রীপরিষদের বিগত ৩-৭-২০০০ ইং তারিখের সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের নিমিত্ত বয়লার পরিচারক বিধিমালা, ১৯৫৩ এর নিম্নরূপ বঙ্গানুবাদ সর্বসাধারণের জ্ঞাতার্থে প্রকাশ করিল।

মোঃ আনোয়ার হোসেন
সহকারী সচিব।



মূল্য ঃ টাকা ১২.০০

**(ইংরেজীতে প্রণীত এবং ৩১ জুলাই, ১৯৮৬ ইং সন পর্যন্ত সংশোধিত বিধিমালার অনূদিত বাংলা পাঠ।)**

## বয়লার পরিচারক বিধিমালা, ১৯৫৩

১। **সংক্ষিপ্ত শিরোনাম, ব্যাপ্তি ও প্রবর্তন।**—(১) এই বিধিমালা বয়লার পরিচারক বিধিমালা, ১৯৫৩ নামে অভিহিত হইবে।

(২) ইহা সমগ্র বাংলাদেশে ব্যাপ্ত হইবে।

(৩) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

(৪) **সংজ্ঞা।**—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়,

(ক) **"আইন"** অর্থ বয়লার আইন, ১৯২৩ (১৯২৩ সনের ৫ নং আইন);

(খ) **"ধারা"** অর্থ উক্ত আইনের ধারা।

### দুই-সাধারণ

২। **বয়লার-পরিচারক সনদপত্রধারী ব্যক্তি বয়লারের দায়িত্বে থাকিবেন।**—বিধি ৩ এ বর্ণিত একজন যোগ্য ও যথাযথ ব্যক্তির সরাসরি ও সার্বক্ষণিক তত্ত্বাবধান ব্যতীত, কোন বয়লারের মালিক নিজে বয়লার ব্যবহার করিবেন না অথবা অন্য কাহাকেও উহা ব্যবহারের জন্য অনুমতি প্রদান করিবেন না ঃ

তবে শর্ত থাকে যে, সরকার "*সরকারি গেজেটে*" প্রজ্ঞাপন দ্বারা, এই বিধিমালার নিয়ন্ত্রণ হইতে যে কোন বয়লার বা যে কোন শ্রেণীর বা প্রকারের বয়লারকে অব্যাহতি প্রদান করিতে পারিবে।

৩। **দক্ষ ব্যক্তির অধিকারে যোগ্যতার ব্যাপকতা নির্দেশক সনদপত্র থাকিতে হইবে।**—এই বিধিমালার অধীন কোন ব্যক্তি যাহার নিকট যোগ্যতার সনদপত্র নাই, তিনি বয়লারের তত্ত্বাবধান এবং দায়িত্ব গ্রহণের জন্য যোগ্য ও যথার্থ হইবেন না; এবং এইরূপ সনদপত্রধারী অনুরূপ কার্যের তত্ত্বাবধান বা দায়িত্ব গ্রহণের জন্য উপযুক্ত হইবেন না, যদি না তাহার উক্ত সনদপত্রে তাহার যোগ্যতার ব্যাপকতা নির্দেশিত হইয়া থাকে।

৪। **ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি কর্তৃক তলব করা হইলে, সনদপত্রধারীর সনদপত্র উপস্থাপন করিতে হইবে।**—এই বিধিমালার অধীন সনদপত্রধারী, বয়লারে দায়িত্বপালনকালে যুক্তিসংগত সময়ে, ধারা ১৫ এর অধীন ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি কর্তৃক সনদপত্র বা বয়লার ব্যবহারের অনুমতি সম্বলিত সাময়িক আদেশ উপস্থাপনের জন্য তলব করা হইলে, উহা উপস্থাপন করিতে বাধ্য থাকিবেন।

৫। **মালিক কর্তৃক সনদপত্র সংক্রান্ত বিস্তারিত বিবরণ প্রধান পরিদর্শকের নিকট প্রেরণ।**—কোন বয়লারের মালিক বয়লারের দায়িত্বপালন করিবার জন্য কোন ব্যক্তিকে নিযুক্ত করিলে, তিনি অবিলম্বে এই বিধিমালার অধীন অনুমোদিত সনদপত্রের নিবন্ধন সংখ্যাসহ সনদপত্রধারীর নাম ও যোগ্যতা সংক্রান্ত বিস্তারিত বিবরণ প্রধান পরিদর্শকের নিকট প্রেরণ করিবেন।

৬। **দৈনিক উপস্থিতির সময়সীমায় অনুমোদিত বিশ্রাম ও কর্মের সীমা।**—(ক) বয়লারের দায়িত্বে নিয়োজিত প্রথম শ্রেণীর যোগ্যতাসম্পন্ন সনদপত্রধারী পরিচারক কোন একটি কর্মদিবসের অনূর্দ্ধ দুইটি কর্মঘণ্টা দায়িত্ব হইতে অব্যাহতি পাইতে পারেন, দ্বিতীয় শ্রেণীর যোগ্যতাসম্পন্ন একজন সনদপত্রধারীর ক্ষেত্রে উহার সময়সীমা একত্রে দুই ঘণ্টার বেশি হইবে না।

(খ) বিশেষ ক্ষেত্রে, প্রথম শ্রেণীর সনদপত্রধারী প্রধান পরিদর্শকের লিখিত সম্মতিতে, দ্বিতীয় শ্রেণীর সনদপত্রধারী ব্যক্তির নিকট দায়িত্ব প্রদানপূর্বক একাদিক্রমে সাত দিন দায়িত্ব হইতে বিরত থাকিতে পারিবেন, এবং ব্যতিক্রম অবস্থায়, প্রধান পরিদর্শক নিজ বিচার-বিবেচনায় পূর্বোক্ত কর্মঘণ্টা বৃদ্ধি করিতে পারিবেন।

(গ) বয়লারের দায়িত্বে নিয়োজিত ব্যক্তির ৭৫ ফুটের মধ্যে অন্য কোন বয়লারের অবস্থান থাকিলে, তিনি উহার সরাসরি ও সার্বক্ষণিক দায়িত্ব গ্রহণ করিবেন।

৭। **বয়লার সচল বলিয়া গণ্য হওয়া।**—এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, একটি বয়লার সচল বলিয়া গণ্য হইবে, যখন বয়লারের পানিতে তাপ দেওয়ার জন্য উহার ফার্নেসে, ফায়ার বক্সে, বা ফায়ার প্লেসে অগ্নি সক্রিয় থাকে। যখন অগ্নি অপসারিত, নির্বাপিত বা কার্যকরভাবে বন্ধ করা হয়, যাহাতে অনুভবনীয় পরিমাণ তাপ অগ্নি হইতে পানিতে প্রবাহিত হইতে না পারে এবং বাষ্প ও পানির সকল সংযোগ বন্ধ থাকে, তখন বয়লারটি অচল বলিয়া গণ্য হইবে।

## তিন - সনদপত্র

৮। **সনদপত্রের শ্রেণী এবং সনদপত্রধারীর সামর্থ্য।**—এই বিধিমালার অধীন প্রদত্ত সনদপত্র দুই শ্রেণীর হইবে। প্রথম শ্রেণীর সনদপত্রধারী যে কোন ধারন ক্ষমতার বা প্রকারের একক বা পৃথক বা সংযুক্ত বয়লারের দায়িত্ব গ্রহণের জন্য যোগ্য হইবেন এবং যে ক্ষেত্রে বয়লারের সংখ্যা একের অধিক হয় সেই ক্ষেত্রে অনুরূপ বয়লারগুলি অবশ্যই একই মালিকের হইবে এবং একই এলাকায় ৭৫ ফুট ব্যাসার্ধের মধ্যে অবস্থিত হইবে। দ্বিতীয় শ্রেণীর সনদপত্রধারীর অধীন যে কোন একক বা পৃথক বা সংযুক্ত বয়লারের সেট থাকিতে পারে, যাহার তাপতল ১০০০ বর্গফুটের অতিরিক্ত হইবে না।

৯। **সনদপত্র বিনিময়।**—পরীক্ষক বোর্ড নিজ বিচার-বিবেচনায় বাংলাদেশ বা বিদেশী রাষ্ট্রের কোন উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত যোগ্যতার সনদপত্রধারী ব্যক্তিকে, পরীক্ষা ব্যতীত, বিধি ৮ এ উল্লিখিত যে কোন শ্রেণীর যোগ্যতার সনদপত্র প্রদান করিবে।

পরীক্ষক বোর্ড বা উক্ত বোর্ডের সংখ্যাগরিষ্ঠ সদস্যের বিবেচনাক্রমে এই বিধির অধীন প্রদত্ত সনদপত্রের প্রকৃতি নির্ধারিত হইবে।

১০। **চাকুরীর সনদপত্র।**—কোন ব্যক্তি এই বিধিমালা কার্যকর হওয়ার তারিখের পূর্বে বয়লার পরিচারক হিসাবে অথবা প্রধান অগ্নিনির্বাপক *(fire-man)* হিসাবে বয়লার সেটে অন্যূন দশ বৎসর বা কোন একটি পৃথক বয়লারে অন্যূন ছয় বৎসর চাকুরী করিয়াছেন এবং অনুরূপ কার্যের জন্য তিনি যোগ্যতার বাস্তব দক্ষতা অর্জন করিয়াছেন মর্মে পরীক্ষক বোর্ড সন্তুষ্ট হইলে উক্ত ব্যক্তিকে প্রথম শ্রেণী বা ক্ষেত্রমত, দ্বিতীয় শ্রেণীর যোগ্যতার সনদপত্র প্রদান করিতে পারিবে।

অনুরূপ চাকুরীর সনদপত্র যোগ্যতার সনদপত্রের ন্যায় স্বাক্ষরিত হইবে।

অনুরূপভাবে অনুমোদিত সনদপত্রের এই বিধিমালার অধীন প্রদত্ত সনদপত্রের ন্যায় কার্যকরতা থাকিবে।

## চার - পরীক্ষক বোর্ড

১১। **পরীক্ষক-বোর্ডের গঠন।**—একজন প্রধান পরিদর্শক, প্রধান পরিদর্শকের নিকট হইতে মনোনীত একজন পরিদর্শক, এবং প্রাইম মুভার ও বয়লার সম্পর্কে জ্ঞান রহিয়াছে সরকার কর্তৃক সময় সময় নিযুক্ত, এইরূপ অন্যূন ৩ জন সদস্যের সমন্বয়ে ঢাকা শহরে অথবা সরকার যেরূপ প্রয়োজন মনে করিবে সেইরূপ স্থানে পরীক্ষক-বোর্ড গঠন করা হইবে।

প্রধান পরিদর্শক পরীক্ষক বোর্ডের চেয়ারম্যান হইবেন এবং প্রধান পরিদর্শক কর্তৃক মনোনীত পরিদর্শক, পদাধিকারবলে, উহার সচিব হইবেন।

১২। **সদস্যগণের মেয়াদ।**—পদাধিকারবলে নিযুক্ত সদস্যগণ ব্যতীত, পরীক্ষক বোর্ডর সদস্যগণের মেয়াদ হইবে তিন বৎসর। যদি কোন সদস্য বাংলাদেশ ত্যাগ করেন বা ছয় মাসেরও অধিককাল অনুপস্থিত থাকেন, তাহা হইলে বোর্ডে তাহার সদস্যপদ শূন্য হইয়াছে মর্মে গণ্য হইবে এবং বোর্ড উক্ত সদস্যের স্থলে অবশিষ্ট মেয়াদের জন্য অন্য একজন সদস্য নিয়োগ করিতে পারিবে।

১৩। **বোর্ডের কার্যাবলী।**—পরীক্ষক-বোর্ডের কার্যাবলী হইবে নিম্নরূপ—

(১) যোগ্যতার সনদপত্র অনুমোদনের উদ্দেশ্যে প্রার্থীগণের পরীক্ষা গ্রহণ;

(২) এই বিধিমালার অধীন যোগ্যতার সনদপত্র এবং চাকুরীর সনদপত্র অনুমোদন;

(৩) পরীক্ষক-বোর্ড কর্তৃক অনুমোদিত যোগ্যতার সনদপত্রধারী অথবা চাকুরীর সনদপত্রধারী বয়লার পরিচারকগণের কোন প্রকার অদক্ষতা, অবহেলা বা অসদাচরণের অভিযোগ তদন্ত এবং প্রয়োজনবোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;

(৪) এই বিধিমালার অধীন যোগ্যতার সনদপত্রধারী এবং চাকুরীর সনদপত্রধারী সকল বয়লার পরিচারকের জন্য একটি নিবন্ধন বহি সংরক্ষণ;

(৫) সাধারণত এই বিধিমালার বিধানাবলীর বাস্তবায়ন।

১৪। **বোর্ডের সভা।**—পরীক্ষক-বোর্ডের সদস্যগণ প্রতি তিনমাস অন্তর একবার সভায় মিলিত হইবেন এবং সচিব প্রয়োজন মনে করিলে কোন কার্য সম্পাদনের জন্য অন্য কোন সময় যাহা সংবাদপত্রে প্রকাশনার দ্বারা নিষ্পত্তি করা যায় না, পরীক্ষা গ্রহণ ব্যতীত সনদপত্র অনুমোদন বা সনদপত্র প্রদানের জন্য পরীক্ষা গ্রহণ অথবা বোর্ডের অন্যকোন কার্য সম্পাদনের জন্য অনুরূপ সভা অনুষ্ঠিত হইতে পারে। প্রত্যেক সদস্যের নিকট অনুরূপ সভা অনুষ্ঠানের জন্য সম্পূর্ণ সাত দিনের *(clear seven days)* নোটিশ প্রেরণ করিতে হইবে।

১৫। **কোরাম।**—চেয়ারম্যান বা সচিব এবং পরীক্ষক-বোর্ডের দুইজন সদস্যের উপস্থিতিতে কোরাম পূরণ হইবে।

১৬। **বোর্ডের চেয়ারম্যান।**—চেয়ারম্যান পরীক্ষক-বোর্ডের সকল সভায় সভাপতিত্ব করিবেন এবং তাহার অনুপস্থিতিতে, বৈঠকে উপস্থিত সদস্যগণ কর্তৃক মনোনীত একজন সদস্য সভায় সভাপতিত্ব করিবেন।

১৭। **বোর্ডের সচিব।**—পরীক্ষক-বোর্ডের সচিব এই বিধিমালায় নির্ধারিত দায়িত্ব ছাড়াও, পরীক্ষক-বোর্ড কর্তৃক অর্পিত কার্য সম্পাদন বা ক্ষমতা প্রয়োগ করিবেন।

১৮। **আবেদনপত্রে বোর্ডের অনুমোদন *(endorsement)*।**—পরীক্ষক-বোর্ড দক্ষতার সনদপত্রের জন্য অনুরূপ প্রার্থীর পরীক্ষার ফলাফলের ছাপানো আবেদনপত্রে অথবা বিধি ৯ ও ১০ এর অধীন সনদপত্রের আবেদনপত্র সংক্রান্ত সিদ্ধান্ত অনুমোদন করিবে। যোগ্যতার জন্য অনুমোদিত সনদপত্রের আবেদনপত্র পরীক্ষা গ্রহণ সমাপ্ত হইবার পর পরীক্ষক-বোর্ডের সচিবের নিকট ফেরত প্রদান করা হইবে।

১৯। **বোর্ড কর্তৃক সনদপত্র প্রদান *(issue)* না করিবার ক্ষমতা।**—যদি পরীক্ষক-বোর্ডের সংখ্যাগরিষ্ঠ সদস্য মনে করে যে, একজন বয়লার পরিচারক বার্ধক্যজনিত বা বৈকল্য, স্থায়ী দুর্বলতা, চোখের দুর্বল দৃষ্টি, পঙ্গুত্ব বা অঙ্গ কম থাকিবার কারণে বয়লারের দায়িত্ব যথাযথভাবে পালনের জন্য অক্ষম, তাহা হইলে পরীক্ষক-বোর্ড যোগ্যতার সনদপত্র বা চাকুরীর সনদপত্র প্রদান নামঞ্জুর করিতে পারিবে।

অনুরূপ যে কোন প্রার্থী বিধিমালার অধীন সরকারের নিকট বোর্ডের অনুরূপ সিদ্ধান্তের বিরুদ্ধে আপীল দায়ের করিতে পারিবে এবং সরকার অনুরূপ প্রার্থীকে পরীক্ষার জন্য নির্ধারিত মেডিকেল কর্তৃক্ষের নিকট প্রেরণ করিতে পারিবে এবং পরীক্ষক বোর্ড উক্ত মেডিক্যাল কর্তৃপক্ষের মতামতের ভিত্তিতে সনদপত্র মঞ্জুর অথবা নামঞ্জুর করিতে পারিবে।

২০। **সদস্যগণের ফিস।**—পরীক্ষক-বোর্ডের সদস্যগণ এই বিধিমালার অধীন প্রার্থীদেরকে পরীক্ষা করিবার ক্ষেত্রে প্রকৃত কার্য সম্পাদনের জন্য ফিস প্রাপ্য হইবেন।

**পাঁচ - পরীক্ষা**

২১। **পরীক্ষা**।—বোর্ডের সচিব কর্তৃক নির্ধারিত স্থান ও সময়ে, ঢাকা গেজেটে বা স্থানীয় পত্রিকায় প্রকাশিত, যোগ্যতার সনদপত্র প্রদানের পরীক্ষা পরীক্ষক বোর্ড কর্তৃক অনুষ্ঠিত হইবে।

২২। **পরীক্ষার প্রকার**।—এই বিধিমালার অধীন পরীক্ষা-বোর্ড কর্তৃক প্রদত্ত প্রথম শ্রেণীর বয়লার পরিচারক এবং দ্বিতীয় শ্রেণীর বয়লার পরিচারক শিরোনামে দুই প্রকারের পরীক্ষা অনুষ্ঠিত হইবে।

২৩। **পরীক্ষা স্থগিতকরণ**।—যে ক্ষেত্রে পরীক্ষার জন্য নির্ধারিত দিন সরকার ঘোষিত ছুটির দিন হয়, অথবা কোন অদৃষ্টপূর্ব কারণে নির্ধারিত দিনে পরীক্ষা গ্রহণ সম্ভব না হয়, সেইক্ষেত্রে চেয়ারম্যান কর্তৃক নির্ধারিত দিনে পরীক্ষার্থীদের যথাযথভাবে অবহিতকরণের মাধ্যমে উক্ত পরীক্ষা অনুষ্ঠিত হইতে পারে।

২৪। **পরীক্ষায় করণিক সহায়তা *(clerical assistance)***।—প্রয়োজনীয় করণিক সহায়তা প্রদানের জন্য পরীক্ষক বোর্ডের চেয়ারম্যানের কার্যালয় হইতে এক বা একাধিক করণিক প্রত্যেক পরীক্ষায় উপস্থিত থাকিবেন।

**ছয়-পরীক্ষার জন্য আবেদন**

২৫। **আবেদনপত্রের ফরম**।—পরীক্ষার জন্য প্রত্যেক আবেদনকারীকে এই বিধিমালার সহিত সংযুক্ত 'ক' ফরমে আবেদন করিতে হইবে। তিনি আবেদনকারী কর্তৃক পূরণীয় ফরমের অংশসমূহ পূরণ করিবেন এবং একজন গেজেটেড কর্মকর্তা বা অনারারী ম্যাজিস্ট্রেটের উপস্থিতিতে আবেদনপত্রে তাহার স্বাক্ষর বা আঙ্গুলের ছাপ দিবেন, যিনি উহা সত্যায়িত করিয়া তাহার স্বাক্ষর প্রদান করিবেন, এবং অনুরূপভাবে পূরণকৃত আবেদনপত্র নিম্নবর্ণিত কাগজপত্রসহ পরীক্ষা গ্রহণের জন্য নির্ধারিত তারিখের অন্যূন একমাস পূর্বে পরীক্ষক বোর্ডের চেয়ারম্যানের কার্যালয়ে প্রেরণ করিতে হইবে—

(ক) সচ্চরিত্রের প্রশংসাপত্র;

(খ) বাস্তব অভিজ্ঞতার সকল প্রশংসাপত্রের মূলকপি ও অনুলিপিসমূহ;

(গ) আবেদনকারী যে পরীক্ষায় অংশ গ্রহণ করিতে ইচ্ছুক, সেই পরীক্ষার জন্য এই বিধিমালায় নির্ধারিত ফিস পরিশোধের সমর্থনে ট্রেজারী চালান;

(ঘ) এই বিধিমালার অধীন আবেদনকারীকে প্রদত্ত যে কোন সনদপত্র বা বিধি ৯ এ উল্লিখিত উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র;

(ঙ) সম্প্রতি তোলা তিন কপি আবক্ষ ছবি (আকারে ২ ইঞ্চি × ২.২৫ ইঞ্চি), যাহার একটির পশ্চাদ্দিকে আবেদনকারীর স্বাক্ষর বা আঙ্গুলের ছাপ থাকিবে।

২৬। **পরীক্ষার ফিস।**—যোগ্যতার সনদপত্রের উদ্দেশ্যে পরীক্ষার জন্য প্রার্থীকে নিম্নবর্ণিত অফেরতযোগ্য ফিস পরিশোধ করিতে হইবে ঃ

প্রথম শ্রেণীর সনদপত্রের পরীক্ষার জন্য টাকা ১০০ (একশত) টাকা,

দ্বিতীয় শ্রেণীর সনদপত্রের পরীক্ষার জন্য টাকা ৫০ (পঞ্চাশ) টাকা।

.......................................................................................................

**টীকা** ঃ এই বিধিমালার অধীন বয়লার-পরিচারকের উপযুক্ততা সনদপত্র, চাকুরী সনদপত্র এবং চাকুরী সনদপত্রের জন্য সকল পরীক্ষার ফিস বাংলাদেশ ব্যাংক অথবা সরকারী কোষাগারে "৬৫ রাজস্ব বিবিধ খাতে", স্টিম বয়লার পরিদর্শন ফিস বাবদ সরকারী ট্রেজারী চালানের তিন প্রস্থে পরিশোধ করিতে হইবে, উহার দুই প্রস্থ পরীক্ষার বোর্ডের চেয়ারম্যানের কার্যালয়ে প্রেরণ করা হইবে।

২৭। **ফি ফেরত প্রদান।**—এই বিধিমালার অধীন প্রার্থীগণ একবার পরীক্ষায় ভর্তি হওয়ার পর পরীক্ষায় অকৃতকার্য হইলে বা পরীক্ষায় অংশ গ্রহন করিলে পরিশোধিত ফিস ফেরত পাওয়ার অধিকারী হইবেন না। যেক্ষেত্রে কোন প্রার্থী অনিবার্য কারণে নির্ধারিত তারিখে পরীক্ষায় অনুপস্থিত থাকেন, সেইক্ষেত্রে অনুরূপ প্রার্থীকে পরীক্ষা অনুষ্ঠিত হইবার পর এক বৎসরের মধ্যে, দ্বিতীয়বার ফিস পরিশোধ ব্যতিরেকে, পরবর্তী যে কোন পরীক্ষায় অংশ গ্রহণের অনুমতি প্রদান করা যাইতে পারে।

২৮। **প্রার্থীর ফিস প্রদানের ক্ষেত্রে অস্পষ্টতা (ineligible)।**—পরীক্ষার জন্য কোন প্রার্থীকে পরিশোধিত ফিস প্রদানের ক্ষেত্রে কোন অস্পষ্টতা পরিলক্ষিত হইলে, ফিস প্রদানের পরবর্তী এক বৎসরের মধ্যে অনুরূপ পরীক্ষায় অংশ গ্রহণের জন্য, দ্বিতীয়বার ফিস পরিশোধ ব্যতিরেকে, পরীক্ষায় অংশ গ্রহণের অনুমতি দেওয়া হইবে অথবা প্রার্থী ফিস প্রদানের তারিখ হইতে পরবর্তী এক বৎসরের মধ্যে জমাকৃত ফিস ফেরত চাহিয়া আবেদন করিতে পারিবে।

## সাত-প্রশংসাপত্র

২৯। **প্রার্থীকে সন্তোষজনক প্রশংসাপত্র দাখিল করিতে হইবে।**—কোন প্রার্থী তাহার গুণগত চাকুরীর *(qualifying service)* অভিজ্ঞতা, সামর্থ্য, সংযম ও কর্মস্থলের সম্পূর্ণ সময়কালে প্রধান ভাল আচরণ সম্বলিত সন্তোষজনক প্রশংসাপত্র দাখিল না করিলে পরীক্ষায় অংশ গ্রহণ করিতে পারিবেন না। গুণগত চাকুরীর ক্ষেত্রে বিরতিকাল সন্তোষজনকভাবে বিবেচনা করা হইবে।

৩০। **অত্যাবশ্যকীয় বিবৃতি।**—কোন ধরনের যোগ্যতার ভিত্তিতে প্রার্থীকে বয়লার পরিচারক, প্রধান ফায়ারম্যান, বনকীম্যান বা ফায়ারম্যান হিসাবে নিয়োগ করা হইয়াছিল উহা প্রশংসাপত্রে পরিষ্কারভাবে উল্লেখ করিতে হইবে এবং যে তারিখের মধ্যে প্রার্থী অনুরূপভাবে নিয়োজিত ছিলেন উহা প্রদর্শন করিতে হইবে।

৩১। **স্বাক্ষর এবং প্রতিস্বাক্ষর।**—প্রার্থী যে প্রকৌশলীর অধীন নিয়োজিত ছিলেন তদকর্তৃক প্রশংসাপত্র স্বাক্ষরিত হইবে, অথবা প্রার্থী যদি কোন প্রকৌশলীর অধীন নিয়োজিত না থাকেন, তাহা হইলে প্রার্থী যে দায়িত্বশীল ব্যক্তির অধীন নিয়োজিত ছিলেন তদকর্তৃক উহা স্বাক্ষরিত হইবে এবং, ক্ষেত্রমত, মিলের ব্যবস্থাপক বা মালিক বা প্রতিনিধি বা মিল বা কারখানা বা ওয়ার্কশপের সচিব কর্তৃক প্রতিস্বাক্ষরিত হইবে।

৩২। **সমুদ্র-চাকুরী *(sea service)*।**—স্টীম জাহাজে চাকুরীর প্রশংসাপত্র জলযানের প্রধান প্রকৌশলী কর্তৃক স্বাক্ষরিত হইতে পারে এবং জলযানের মাস্টার কর্তৃক প্রতিস্বাক্ষরিত হইতে পারে অথবা নাবিকের *(seaman)* অব্যহতির ফরমে জাহাজের মাস্টার কর্তৃক ইস্যু করা যাইতে পারে।

৩৩। **রেলওয়ে বা গণপূর্ত অধিদপ্তরের চাকুরী।**—রেলওয়ের বয়লার অথবা গণপূর্ত অধিদপ্তর বা স্থানীয় সংস্থার নিয়ন্ত্রণাধীন বয়লারের প্রশংসাপত্র প্রার্থী যে দায়িত্বশীল কর্মকর্তার অধীন সরাসরি কর্মরত ছিলেন তাহার দ্বারা স্বাক্ষরিত হইবে এবং সংশ্লিষ্ট অধিদপ্তরের প্রধান কর্তৃক প্রতিস্বাক্ষরিত হইবে।

৩৪। **সন্দেহজনক প্রশংসাপত্র।**—আবেদনপত্র বা প্রশংসাপত্রে প্রদত্ত বিবরণীর সত্যতার বিষয়ে যদি পরীক্ষা বোর্ডের সচিবের সন্দেহ করিবার কারণ থাকে, তাহা হইলে তিনি উহার সত্যতা প্রতিপাদনের জন্য প্রয়োজনীয় তদন্ত করিতে পারিবেন।

৩৫। **শাস্তি।**—তদন্তের ভিত্তিতে সচিব যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, প্রার্থী কর্তৃক দাখিলকৃত প্রশংসাপত্র, মিথ্যা, তাহা হইলে তিনি এই বিধিমালার অধীন পরীক্ষায় অংশ গ্রহণের উপর লিখিত আদেশ দ্বারা প্রার্থীকে বারিত করিতে পারিবেন এবং যদি ইতোমধ্যে অনুরূপ মিথ্যা প্রশংসাপত্র দাখিল করিয়া কোন পরীক্ষার্থী পরীক্ষায় অংশ গ্রহণ করিয়া থাকেন তাহা হইলে তিনি অনুরূপ পরীক্ষায় অকৃতকার্য হইয়াছেন বলিয়া গণ্য হইবে এবং অনুরূপ মিথ্যার আশ্রয় গ্রহণ করিয়া যে সকল পরীক্ষায় উত্তীর্ণ হইয়া সনদপত্র অর্জন করিয়াছেন, উহা তাৎক্ষণিক বাতিল বলিয়া গণ্য হইবে।

৩৬। **মূল প্রশংসাপত্রের কপি ও রিটার্ন জমা দেওয়া।**—প্রার্থী কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও প্রশংসাপত্রের অনুলিপি পরীক্ষক বোর্ডের সচিবের কার্যালয়ে জমা দিতে হইবে। পরীক্ষা সমাপ্ত হইবার পর প্রার্থীকে মূল প্রশংসাপত্রসমূহ ফেরত প্রদান করা হইবে।

## আট-বয়স ও প্রশিক্ষণ

৩৭। **দ্বিতীয় শ্রেণীর প্রার্থীর বয়স ও প্রশিক্ষণ।**—দ্বিতীয় শ্রেণীর বয়লার পরিচারক হিসাবে উপযুক্ততার সনদপত্র প্রত্যাশী একজন প্রার্থীর বয়স অন্যন ২১ বৎসর হইবে এবং পরীক্ষক বোর্ডকে নিম্নবর্ণিত বিষয়ে সন্তুষ্ট করিতে না পারিলে তাহাকে পরীক্ষায় অংশ গ্রহণ করিতে দেওয়া হইবে না ঃ

(ক) স্টীম বয়লারে ফায়ার-ম্যান বা পরিচারক হিসাবে বা সম্মিলিত ইঞ্জিন এবং বয়লারের চালক হিসাবে অন্যন তিন বৎসরের চাকুরী করিয়াছেন;

(খ) একজন ইঞ্জিন ফিটার হিসাবে অন্যূন তিন বৎসরের চাকুরী করিয়াছেন, যেখানে স্টীমের অধীন বয়লার ও ইঞ্জিন মেরামত বা তৈরী এবং স্টীমের অধীন কাজ করিয়াছেন;

(গ) প্রার্থী তিন বৎসরের প্রশিক্ষণ সম্পন্ন করিয়াছেন এই মর্মে শিল্প বা কারিগরী ইনস্টিটিউশনের নিকট হইতে একটি সনদপত্র পেশ করিয়াছেন তন্মধ্যে এক বৎসর কোন মিল বা কারখানা বা ইঞ্জিনিয়ারিং ওয়ার্কশপের স্টিম পাওয়ার প্ল্যান্টে একজন শিক্ষানবিস প্রকৌশলী হিসাবে কর্মরত ছিলেন যেখানে ইঞ্জিন ও বয়লার মেরামত বা তৈরী করা হয়।

(ঘ) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের কোর্স পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছেন এবং ফায়ারম্যান বা সহকারী বা পরিচারক হিসাবে অন্যূন তিন বৎসর চাকুরী করিয়াছেন।

৩৮। **ইঞ্জিন ফিটার হিসাবে চাকুরী।**—ইঞ্জিন ফিটার হিসাবে চাকুরী অর্থ স্টীম ইঞ্জিন বা যন্ত্রাংশ তৈরী অথবা মেরামতের ক্ষেত্রে ভ্রাম্যমাণ চাকুরী *(journeyman service)*। এইরূপ চাকুরীতে টার্নানের চাকুরী অন্তর্ভুক্ত হইতে পারে, যদি অনুরূপ কার্যে নিযুক্ত হইয়া থাকেন, তবে উহা সম্পূর্ণ কার্যের অর্ধেকের বেশি না হয়, তাহা হইলে মোট ভ্রাম্যমাণ চাকুরীর ক্ষেত্রে একজন টার্নার হিসাবে ব্যয়িত প্রশিক্ষণ মেয়াদ অনুমোদন করা হইবে।

৩৯। **শিক্ষানবিস প্রকৌশলী হিসাবে চাকুরী।**—একজন শিক্ষানবিস প্রকৌশলীর চাকুরী অর্থ কোন ওয়ার্কশপে নিয়মিত কার্যসম্পাদন, যেখানে স্টীম ইঞ্জিন বা যন্ত্রাংশ তৈরী বা মেরামত করা হয়, যাহা একজন ব্যক্তিকে তিনি দক্ষ তত্ত্বাবধানে স্টীম ইঞ্জিন তৈরী ও মেরামতের ক্ষেত্রে বিভিন্ন চালনায় *(various operation)* দক্ষ করিয়া তোলে এবং যন্ত্রপাতি ব্যবহার এবং যন্ত্রপাতির সংযোজন ও ফিটিংয়ে বাস্তব অভিজ্ঞতা অর্জন করিয়াছেন।

৪০। **প্রথম শ্রেণীর প্রার্থীর বয়স ও প্রশিক্ষণের।**—প্রথম শ্রেণীর বয়লার পরিচারক হিসাবে যোগ্যতারসনদপত্রের জন্য একজন প্রার্থীর বয়স ২৩ বৎসর পূর্ণ না হইলে এবং দ্বিতীয় শ্রেণীর সনদপত্রের জন্য একজন প্রার্থী বিধি ৩৭ এর অধীন প্রয়োজনীয় প্রশিক্ষণ গ্রহণ করিয়াছে মর্মে পরীক্ষক বোর্ডের নিকট সন্তুষ্ট প্রমাণ না করিলে অথবা তিনি দ্বিতীয় শ্রেণীর যোগ্যতার সনদপত্র অর্জন না করিলে বা উহার দাবী করিবার জন্য যোগ্য না হইলে তাহাকে পরীক্ষায় অংশ গ্রহণ করিতে দেওয়া হইবে না এবং উহার সহিত নিম্নবর্ণিত বিষয় থাকিবে—

(ক) অন্যূন ৫০০ বর্গফুট তাপতলের কোন লংকাশয়ার কর্নিস, ওয়াটার-টিউব বা মেরিন টাইপের একটি বয়লারের দায়িত্বে দ্বিতীয় শ্রেণীর যোগ্যতার সনদপত্রসহ একজন বয়লার পরিচারক হিসাবে অন্যূন দুই বৎসর চাকুরীর অভিজ্ঞতা; বা

(খ) অন্যূন ৫০০ বর্গফুট তাপতলের দুই বা ততোধিক লংকাশয়ার, কোর্নিস, ওয়াটার টিউব অথবা মেরিন টাইপের প্রতিটি বয়লারের একটি ব্যাটারীর উপর ফায়ারম্যান সারেং হিসাবে অন্যূন তিন বৎসর চাকুরীর অভিজ্ঞতা; বা

(গ) অন্যূন ৫০০ বর্গফুট তাপতলের বিশিষ্ট এক বা একাধিক বয়লারে স্টীম জাহাজে ফায়ারম্যান সারেং বা টিনডাল হিসাবে অন্যূন তিন বৎসর চাকুরীর অভিজ্ঞতা; বা

(ঘ) প্রার্থী তিন বৎসরের কোর্স সম্পন্ন করিয়াছেন মর্মে বিবৃতি প্রদান সাপেক্ষে কোন শিল্প বা কারিগরী ইনস্টিটিউশনের প্রধানের নিকট হইতে প্রদত্ত কোর্স বিবরণী দাখিল করিতে হইবে, যেখানে প্রশিক্ষণের এক বৎসর কোন মিল বা কারখানা বা প্রকৌশলী ওয়ার্কশপের একজন শিক্ষানবিস প্রকৌশলী হিসাবে কাজের অভিজ্ঞতা থাকিতে হইবে, যেখানে ইঞ্জিন ও বয়লার মেরামত বা তৈরী করা এবং অতিরিক্ত হিসাবে দ্বিতীয় শ্রেণীর বয়লার পরিচারক সনদপত্রসহ অন্যূন ৫০০বর্গফুট তাপতলের একটি বয়লার এককভাবে কাটভারের ক্ষেত্রে অন্যূন দুই বৎসর চাকুরীর অভিজ্ঞতা; এবং

(ঙ) যন্ত্র প্রকৌশলী ডিপ্লোমা বা বিজ্ঞানে স্নাতক ডিগ্রী বা সমমানের ডিপ্লোমা বা অন্যূন ৫০০ বর্গফুটের তাপতলের বয়লারের দায়িত্বে অন্যূন দুই বৎসর চাকুরীর অভিজ্ঞতা।

৪১। **বিধিমালায় সুস্পষ্টভাবে অনুল্লিখিত চাকুরী।**—বিধি ৩৭ ও ৪০ এর কোন দফায় সুস্পষ্টভাবে উল্লিখিত হয় নাই এইরূপ কোন চাকুরীর ক্ষেত্রে, তবে অন্য যে কোন বিধির অধীন প্রয়োজনীয় মোট মেয়াদকালের কম হইবে না, পরীক্ষক বোর্ড উপযুক্ত মনে করিলে প্রার্থীর অনুরূপ চাকুরী বিবেচনা করিতে পারিবে।

## নয়-পরীক্ষা সংক্রান্ত বিষয়াদি

৪২। **দ্বিতীয় শ্রেণীর বয়লার পরিচারক।**—দ্বিতীয় শ্রেণীর যোগ্যতারসনদপত্রের যোগ্যতা অর্জনের জন্য, একজন প্রার্থীকে পরীক্ষাকগণকে সন্তুষ্ট করিতে হইবে যে—

(ক) তিনি স্পষ্টতঃ অনুধাবন করেন—

(১) স্টীম বয়লারের কর্ম ও ব্যবস্থাপনা;

(২) বিভিন্ন ভাল্ব, ককস, মাউন্টিং ও ফিটিংস এর ব্যবহার ও উদ্দেশ্য;

(৩) অগ্নিসংযোগের পূর্বে এবং বাষ্প বৃদ্ধির ক্ষেত্রে গৃহীতব্য পূর্বসতর্কতা এবং পালনীয় পদ্ধতি;

(৪) ফিড পাম্প (সরবরাহ লাইন) ও ইনজেক্টরের ব্যবহার;

(৫) চাপের পরিমাপকের রিডিং;

(৬) সাময়িক পরিস্কারকরণ ও বিশুদ্ধ পানি সরবরাহ এবং তাপতলের দাগ অথবা অন্যান্য তলানি প্রতিরোধ ;

(৭) বয়লারের সাময়িক পরিদর্শনের প্রয়োজনীতা এবং হাইড্রোলিক ও স্টিমের মাধ্যমে সম্পূর্ণ পরীক্ষা সম্পন্নের পদ্ধতিতে।

(৮) বাষ্পের অধীন অন্য কোন বয়লারের সহিত সংযুক্ত কোন বয়লারে প্রবেশের পূর্বে বা কাউকে সেখানে প্রবেশ করিবার অনুমতি প্রদানের পূর্বে গৃহীত পূর্বসতর্কতা;

(৯) অগ্নিকাণ্ডের *(firing)* সর্বোচ্চ পদ্ধতির ব্যবহার হইতেছে ধোঁয়া নিবারণ;

(১০) স্টীম পাইপে পানির ধারণের বিপদ ও পানি নিঃসরণের জন্য পূর্বসতর্কতা অবলম্বন;

(১১) কোন একটি বয়লার বা স্টীম পাইপে পানি সংকট, ফুলে যাওয়া, চুল্লী ফাটিয়া যাওয়া, পাত পড়িয়া যাওয়া বা নল ফাটিয়া যাওয়া এবং অন্য যে কোন দুর্ঘটনার ক্ষেত্রে বিভিন্ন কার্যক্রম গ্রহণ;

(১২) একটি আধুনিক বয়লারে নিয়ন্ত্রণ প্যানেলের কাজ;

(১৩) একটি আধুনিক বয়লারে নিরাপদ যন্ত্রের ব্যবহার;

(১৪) কোন বয়লারে জরুরী ভিত্তিতে প্রয়োজনীয় পূর্বসতর্কতা;

(খ) তিনি নিম্নবর্ণিত কার্যে দক্ষ ঃ—

(১) একজন কর্মীর মত পরিষ্কার-পরিচ্ছন্ন ও আগুন সংরক্ষণসহ বয়লারে জ্বালানী সরবরাহ;

(২) পরিহারযোগ্য ধোঁয়া প্রতিরোধের পদ্ধতি প্রদর্শন ;

(৩) বায়ু প্রবাহিত করা এবং পানির পরিমাপক কাঁচ ও টেস্ট ককসের সঠিকতা পরীক্ষা;

(৪) পানি পরিমাপক কাঁচ সরানো এবং কাল্পনিক পানির স্তর পদ্ধতি প্রদর্শন।

(৫) নিরাপদ ভাল্ব শিথিল করা এবং ব্লো ডাউন ককস বা ভাল্ব ব্যবহার;

(৬) উচ্চ স্টীম শক্তি এবং নিম্নজল নিরাপত্তা *(low water safety)* এবং ফিউজিবল প্লাগ নবায়ন করা;

(৭) ম্যানহোল বা হ্যাডহোল ডোর অথবা কোন ঢাকনা বা স্টিমের কোন প্রান্ত বা ফিড পাইপ সংযুক্ত করা;

(৮) পাম্প অথবা ভাল্ব টেস্ট গ্ল্যান্ডস আটকানো;

(৯) ককস এবং ভাল্ব পৃথককরণ এবং সংযোজন;

(১০) ডাঙ্কি পাম্প বা ইনজেক্টর টুকরা করা এবং কার্যপোযোগী করা;

(১১) বয়লারের স্বাভাবিক রক্ষণাবেক্ষণ;

(১২) আধুনিক বয়লারের বৈদ্যুতিক প্রণালী পরীক্ষা করিয়া দেখা ;

(১৩) ওয়াটার সফটেনারের রক্ষণাবেক্ষণ করা;

(১৪) আধুনিক বয়লারের নিরাপত্তা নিশ্চিত করার জন্য নিরাপদ যন্ত্রাংশ পরীক্ষা করা।

৪৩। **প্রথম শ্রেণীর বয়লার পরিচারক** ।—প্রথম শ্রেণীর যোগ্যতার সনদপত্র লাভের উদ্দেশ্যে একজন প্রার্থীকে এই মর্মে পরীক্ষককে সন্তুষ্ট করিতে হইবে যে, তাহার দ্বিতীয় শ্রেণীর যোগ্যতার সনদপত্রের জন্য সুনির্দিষ্ট বিষয়ের অতিরিক্ত হিসেবে দহন, তাপ ও বাষ্প সম্পর্কে ন্যূনতম প্রাথমিক জ্ঞান রহিয়াছে; তিনি এতদ্বিষয়ে অল্পবিস্তর ব্যাখ্যা প্রদানে সক্ষম।

(১) ক্ষয়ের মূল কারণ ও ফলাফল এবং গৃহীত স্বাভাবিক প্রতিকার ও নির্দেশনা ;

(২) ওয়াটার সপ্টেনার ব্যবহারের উদ্দেশ্যে;

(৩) ফিড পাম্প ও ইনজেক্টরে কাজ করিবার নীতিমালা;

(৪) ধোঁয়া প্রতিরোধের লক্ষ্যে যন্ত্রপাতি ব্যবহারের নীতিমালা;

(৫) সুপার হিটার, ইকোনোমিসার, ফিড হিটার, ফিড ফটার এবং ড্রাফট যন্ত্রপাতি এবং মেকানিক্যাল স্টোকার;

(৬) আধুনিক বয়লারে ব্যবহৃত নিরাপদ যন্ত্রাংশ সংক্রান্ত নীতিমালা;

(৭) নিয়ন্ত্রণ প্যানেলে ব্যবহৃত বৈদ্যুতিক প্রক্রিয়া কার্যক্রম;

(৮) লগ শীট রাখার উদ্দেশ্য।

(৯) আধুনিক বয়লারের তাপতল পরিষ্কারের পদ্ধতি;

(১০) জ্বালানী পদ্ধতির বিস্তারিত বর্ণনা এবং যন্ত্রপাতির দহন;

(১১) বিভিন্ন প্রকারের বয়লার এবং উহাদের মধ্যকার মৌলিক পার্থক্য;

(১২) বয়লারের কার্যক্ষমতা;

(১৩) পরিনিষিক্ত *(saturated)* ও চরম উত্তপ্ত *(superheated)* স্টীমের ধর্ম (properties) ;

(১৪) তাপ পরিবহনের নীতি;

(১৫) অব্যবহৃত অবস্থায় বয়লারের রক্ষণাবেক্ষণের পদ্ধতি।

## দশ-পরীক্ষার ধরন (mode)

৪৪। **পরীক্ষার প্রকৃতি**।—প্রতিটি পরীক্ষা এইরূপ প্রকৃতির হইবে যাহার দ্বারা প্রার্থীর ব্যবহারিক জ্ঞানের পরীক্ষা নির্ণয় করা যায় এবং বয়লার বা বয়লারসমূহের ব্যবস্থাপনায় তাহার যোগ্যতা নিশ্চিত করা যায়।

৪৫। **পরীক্ষা**।—সাধারণতঃ মৌখিকভাবে পরীক্ষা গ্রহণ করা হইবে;

তবে শর্ত থাকে যে, পরীক্ষক বোর্ড চাহিলে একজন প্রার্থীকে প্রদত্ত প্রশ্নাবলীর উত্তর লিখিতভাবে দিতে হইবে।

৪৬। **পরীক্ষা অনুষ্ঠানের স্থান**।—পরীক্ষক বোর্ড প্রয়োজন মনে করিলে, বয়লার ব্যবহৃত হয় এইরূপ যে কোন কারখানা, মিল বা ওয়ার্কশপে পরীক্ষা গ্রহণ করিতে পারিবে, অথবা আংশিক অনুরূপ কারখানা, মিল বা ওয়ার্কশপে এবং আংশিক পরীক্ষার হলে গ্রহণ করা যাইতে পারে।

৪৭। **ব্যবহারিক পরীক্ষার আবশ্যকতা**।—প্রত্যেক প্রার্থীকে, বিধি ৪২ এর দফা (খ) এ উল্লিখিত যে কোন বা সকল ব্যবহারিক পরীক্ষা সম্পর্কে দক্ষতা প্রমাণের জন্য একটি প্রকৃত বয়লার অথবা ফিটিং বা মডেলের উপর ব্যবহারিক পরীক্ষা চালাইতে সক্ষম হইতে হইবে।

৪৮। **পরীক্ষার সময়**।—পরীক্ষক বোর্ডের সচিব কর্তৃক ভিন্নরূপে প্রজ্ঞাপিত না হইলে, অনুরূপ পরীক্ষা সকাল ০৮ ঘটিকা হইতে দুপুর ০২ ঘটিকার মধ্যে পরীক্ষা কক্ষে অনুষ্ঠিত হইবে।

## এগার-সনদপত্রের অনুমোদন

৪৯। **সনদপত্রের ফরম**।—বিধি ৯ এবং বিধি ১০ এর অধীন যোগ্যতার সনদপত্র যথাক্রমে এই বিধিমালার সহিত সংযুক্ত ফরম 'খ' ও 'গ' এবং 'ঘ' এর মাধ্যমে গৃহীত হইবে।

৫০। **নিম্নতর গ্রেডের সনদপত্র সমর্পণ**।—পরীক্ষক বোর্ডের সচিবের নিকট নিম্নতর গ্রেডের সনদপত্র সমর্পণ না করিলে বা সমর্পণ না করা পর্যন্ত, এই বিধিমালার অধীন পরীক্ষা গ্রহণের পর দ্বিতীয় শ্রেণীর সনদপত্রধারীকে প্রথম শ্রেণীর যোগ্যতার সনদপত্র প্রদান করা যাইবে না।

৫১। **সনদপত্র বিনিময়**।—এই বিধিমালার অধীন সংশ্লিষ্ট কর্তৃপক্ষের মাধ্যমে প্রদত্ত করা সনদপত্র প্রদর্শনপূর্বক কেবল বিধি ৯ এর অধীন যোগ্যতার সনদপত্র বিনিময় অনুমোদিত হইতে পারে। মালিকের নিকট ফেরত দেওয়ার পূর্বে মূল যোগ্যতা যাচাইকরণ সনদপত্রের উপর পৃষ্ঠাংকন করা হইবে।

৫২। **চিহ্নিতকরণের প্রয়োজনীয়তা**।—এই বিধির অধীন অনুমোদিত সকল সনদপত্রে বিধি ২৫ এর অধীন প্রার্থী কর্তৃক দাখিলকৃত আবেদনপত্রে তাহার আবক্ষ ছবি থাকিবে এবং তাহার স্বাক্ষর ও আংগুলের ছাপ এবং চিহ্নিতকরণের লক্ষ্যে প্রয়োজনীয় অন্যান্য তথ্য থাকিবে।

৫৩। **দ্বিনকল সনদপত্রের অনুমোদন**।—যেক্ষেত্রে সনদপত্রধারী পরীক্ষক বোর্ডের সচিবকে এই মর্মে সন্তুষ্ট করেন যে, এই বিধিমালার অধীন তাহাকে প্রদত্ত সনদপত্র, তাহার ক্রুটি ছাড়া, হারাইয়া গিয়াছে অথবা চুরি বা ধ্বংস বা অস্পষ্ট হইয়া গিয়াছে, সেইক্ষেত্রে পূর্বোল্লিখিত রেকর্ড অনুযায়ী তাহাকে একটি দ্বিনকল সনদপত্র (duplicate certificate) প্রদান করা হইবে, যাহার মূল সনদপত্রের ন্যায় সকল কার্যকারত হইবে।

৫৪। **দ্বিনকল সনদপত্রের রেকর্ড**।—বিধি ৫৩ এর অধীন অনুমোদিত দ্বিনকল সনদপত্রসমূহ পরীক্ষক বোর্ডের চেয়ারম্যানের কার্যালয়ে রেকর্ডভুক্ত হইবে।

৫৫। **হারাইয়া যাওয়া সনদপত্র প্রদান**।—এই বিধিমালার অধীন প্রদত্ত, তাহার ক্রুটি ছাড়া, সনদপত্র হারাইয়া গিয়াছে, চুরি ধ্বংস বা কোন অস্পষ্ট হইয়া গিয়াছে মর্মে একজন অনারারী ম্যাজিস্ট্রেট বা গেজেটেড কর্মকর্তার নিকট ঘোষিত শপথনামাসহ পরীক্ষক বোর্ডের সচিবের নিকট দ্বি-নকল সনদপত্রের জন্য আবেদন করিতে হইবে।

৫৬। **দ্বিনকল সনদপত্রের ফি**।—এই বিধিমালার অধীন প্রদত্ত যে কোন শ্রেণীর বা প্রকারের দ্বি-নকল সনদপত্রের জন্য আবেদনকারীকে ত্রিশ টাকা পরিশোধ করিতে হইবে।

৫৭। **মূল সনদপত্রের অকার্যকরতা**।—দ্বিনকল সনদপত্র ইস্যুর সাথে সাথে মূল সনদপত্র অবৈধ বলিয়া গণ্য হইবে এবং পরবর্তীতে পাওয়া গেলে উহা বাতিলের জন্য পরীক্ষক বোর্ডের সচিবের নিকট ফেরত পাঠাইতে হইবে।

## বার-সনদপত্রের বিনিময়

৫৮। **সনদপত্র বিনিময়ের আবেদন**।—বিধি ৯ এর অধীন যোগ্যতার সনদপত্রের জন্য এই বিধিমালার সহিত সংযুক্ত ফরম 'ক' এ আবেদন করিতে হইবে এবং প্রতিটি আবেদনপত্র যথাযথভাবে পূরণ করিতে হইবে যাহা অনুরূপ বোর্ডের সভা অনুষ্ঠিত হইবার কমপক্ষে ১০ দিন পূর্বে পেশ করিতে হইবে। ইতিপূর্বে অর্জিত তাহার পেশাগত মূল সনদপত্র এবং উহার অনুলিপি এবং সরকারী ট্রেজারী বা বাংলাদেশ ব্যাংকের মাধ্যমে বিধি ৫৯ এর অধীন নির্দিষ্ট ফিস প্রদানের প্রমাণপত্র বোর্ডের সচিবের বরাবরে জমা দিতে হইবে ঃ

তবে শর্ত থাকে যে, যেক্ষেত্রে সচিব মনে করেন যে, আবেদনকারীর ব্যক্তিগত কারণ ব্যতিরেকে সনদপত্র ইস্যু করিতে বিলম্ব হইতে পারে এবং তজ্জন্য আবেদনকারীকে দুর্ভোগ পোহাইতে হইতে পারে, তাহা হইলে আবেদনকারী যে শ্রেণীর সনদপত্রের জন্য আরেদন করিয়াছেন, সচিব অনুরূপ শ্রেণীর একটি সাময়িক সনদপত্র ইস্যু করিতে পারিবেন এবং পরীক্ষক বোর্ডের পরবর্তী সভায় উহা উপস্থাপন করিবেন। পরবর্তী সভা অনুষ্ঠিত হইবার পর অনুমোদিত সাময়িক সনদপত্র বাতিল বলিয়া গণ্য হইবে।

৫৯। **বিনিময় সনদপত্রের জন্য ফিস।**—বিধি ৯ এর অধীন যে কোন শ্রেণীর যোগ্যতার সনদপত্রের আবেদনের জন্য ত্রিশ টাকা পরিশোধ করিতে হইবে।

## তের-চাকুরীর সনদপত্র

৬০। **চাকুরীর সনদপত্রের জন্য আবেদন।**—এই বিধিমালার সহিত সংযুক্ত বিধি ১০ এর অধীন 'ক' ফরম অনুযায়ী চাকুরীর সনদপত্রের জন্য আবেদন করিতে হইবে। যথাযথভাবে পূরণকৃত আবেদনপত্রের সহিত প্রশংসাপত্র ও অন্যান্য অনুলিপি সরকারী কোষাগার, অথবা বাংলাদেশ ব্যাংকের মাধ্যমে বিধি ৬২ অনুযায়ী নির্দিষ্ট ফিস প্রদানের প্রমাণপত্র পরীক্ষক বোর্ডের পরবর্তী সভা অনুষ্ঠিত হইবার অন্যূন ১০ দিন পূর্বে বোর্ডের সচিবের নিকট পৌছাইতে হইবেঃ

তবে শর্ত থাকে যে, বিধি ৫৮ এর বিধান অনুসারে আবেদনকারী যে শ্রেণীর সনদপত্রের জন্য উপযুক্ত সেই শ্রেণীর একটি সাময়িক সনদপত্র ইস্যু করিয়া উহা পরীক্ষক-বোর্ড পরবর্তী সভায় দাখিল করিতে পারিবেন। অনুরূপভাবে অনুমোদিত সাময়িক সনদপত্র বোর্ডের সভা অনুষ্ঠানের পর বাতিল বলিয়া গণ্য হইবে।

৬১। **প্রার্থীর ব্যবহারিক দক্ষতা পরীক্ষা করা যাইবে।**—বিধি ১০ এর অধীন চাকুরীর সনদপত্রের জন্য প্রদত্ত প্রশংসাপত্র নিরীক্ষার পর যদি পরীক্ষক-বোর্ড এই মর্মে সন্দেহ করে যে, কোন বয়লারের দায়িত্ব ও ব্যবস্থাপনার ক্ষেত্রে আবেদনকারীর পর্যাপ্ত যোগ্যতার অভাব রহিয়াছে অথবা যে শ্রেণীর সনদপত্রের জন্য আবেদন করা হইয়াছে উহা সন্তোষজনক নহে, তাহা হইলে পরীক্ষক বোর্ড আবেদনকারীকে প্রয়োজনীয় ব্যবহারিক পরীক্ষায় অবতীর্ণ হওয়ার নির্দেশ প্রদান করিতে পারিবে ঃ

৬২। **চাকুরীর সনদপত্রের জন্য ফিস।**—বিধি ১০ এর অধীন চাকুরীর সনদপত্রের ক্ষেত্রে প্রথম শ্রেণীর সনদপত্রের জন্য আবেদনকারীকে ষাট টাকা এবং দ্বিতীয় শ্রেণীর সনদপত্রের জন্য চল্লিশ টাকা পরিশোধ করিতে হইবে;

তবে শর্ত থাকে যে, আবেদনকারী কর্তৃক ফিস অনুরূপভাবে পরিশোধিত করা হইলে, এবং পূর্ববর্তী চাকুরীর প্রশংসাপত্রের ক্ষেত্রে অপর্যাপ্ততার কারণে প্রার্থীর আবেদন অনুসারে সনদপত্র প্রদান করিবার জন্য অযোগ্য বিবেচিত হইলে, আবেদনকারীর আবেদনের ভিত্তিতে ফিস প্রদানের এক বৎসরের মধ্যে তিনি সম্পূর্ণ ফিস ফেরত পাইতে পারেন।

৬৩। **সনদপত্রধারী সম্পর্কিত তদন্ত ও সনদপত্র স্থগিতকরণ।**—(১) যদি কোন ডেপুটি কমিশনারের বিশ্বাস করিবার কারণ থাকে, যে কোন প্রকারের কারণ, এই বিধিমালার অধীন যোগ্যতার সনদপত্র বা চাকুরীর সনদপত্রের কোন প্রকার অযোগ্যতা, অস্পষ্টতা, অসদাচরণের জন্য তদন্ত হওয়া আবশ্যক, তাহা হইলে তিনি নিজে বা একজন প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেটের নেতৃত্বে তদন্ত পরিচালনা করিবেন।

(২) অনুরূপ সনদপত্রধারী তদন্তের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার চাহিদা মোতাবেক তাহার কার্যালয়ে উপস্থিত হইয়া তদন্ত কার্যক্রমের ফলাফল অনুসরণ করিয়া তাহাকে প্রদত্ত সনদপত্র পেশ করিবেন।

(৩) তদন্তাধীন বয়লার পরিচারকের উপস্থিতিতে কার্যধারা অনুষ্ঠিত হইবে এবং তিনি চাহিলে তাহার পক্ষে প্রমাণ উপস্থাপন করিবার জন্য একটি বিবৃতি প্রদান করিতে পারিবেন।

(৪) ডেপুটি কমিশনার তদন্তের কার্যধারা অথবা তিনি নিজে তদন্ত না করিয়া থাকিলে, তদন্তকারী কর্মকর্তার মতামত লিখিয়া উপযুক্ত সুপারিশসহ পরীক্ষক-বোর্ডের সচিবের নিকট প্রেরণ করিবেন।

৬৪। **বোর্ডের নিকট তদন্ত কার্যক্রম দাখিল।**—পরীক্ষক বোর্ডের সচিব বিধি ৬৩ এর উপ-বিধি (৪) এর অধীন ডেপুটি কমিশনার কর্তৃক প্রেরিত তদন্ত কার্যক্রম পরীক্ষক বোর্ডের পরবর্তী সভায় পেশ করিবেন এবং বোর্ড উহার নিজ বিচার-বিবেচনায় সনদপত্র বহাল রাখিবে বা উপযুক্ত মনে করিলে উহা বাতিলের সিদ্ধান্ত গ্রহণ করিবে।

## চৌদ্দ-শাস্তি

৬৫। **শাস্তি।**—বয়লারের মালিক বিধি ২ এর বিধান লংঘন করিয়া যে কোন সময় বয়লারে কাজ করিলে বা অন্যকে কাজ করিবার অনুমতি প্রদান করিলে বা অন্য কাহারও দ্বারা কাজ করাইলে অনূর্ধ্ব এক হাজার টাকা অর্থদণ্ডে দণ্ডিত হইবেন।

৬৬। **বিধি ৪, ৫ ও ৬ লঙ্ঘনের শাস্তি।**—বয়লারের দায়িত্বে নিয়োজিত কোন ব্যক্তি বা অন্য কোন ব্যক্তি বিধি ৪, ৫ ও ৬ এর বিধান লংঘন করিয়া বয়লার চালাইলে অথবা কোন ব্যক্তিকে চালানোর অনুমতি প্রদান করিলে, বা অন্য কাহারও দ্বারা কাজ করাইলে অনূর্ধ্ব পাঁচ শত টাকা অর্থদণ্ডে দণ্ডিত হইবেন।

ফরম 'ক'

(বিধি ২৫, ৫৮ ও ৬০ দ্রষ্টব্য)

**বয়লার আইন, ১৯২৩ (১৯২৩ সনের ৫নং আইন)**

**বয়লার পরিচারকের যোগ্যতার সনদপত্র/চাকুরীর সনদপত্রের জন্য আবেদনপত্র।**

**অংশ-১: আবেদনকারীর নাম, ইত্যাদি।**

| প্রার্থীর পূর্ণ নাম | ডাক নাম, যদি থাকে | জন্ম তারিখ | জন্মস্থান | উপযুক্ততা, বিনিময় বা চাকুরীর প্রত্যয়ন পত্রের বিবরণ | কোন শ্রেণীর প্রত্যয়নপত্রের জন্য আবেদন করা হইয়াছে | পূর্বে কোন পরীক্ষায় অংশ গ্রহণ করিয়াছে কিনা | পূর্বে পরীক্ষায় অংশগ্রহণ করিয়া থাকিলে, কখন এবং কোথায় |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | |

**অংশ -২: বাংলাদেশে বা অন্যত্র ইস্যুকৃত সকল পূর্ববর্তী সনদপত্রের (যদি থাকে) বিবরণ।**

| সনদপত্রের সংখ্যা | উপযুক্ততায় সদনপত্রের শ্রেণী | ইস্যুর স্থান | ইস্যুর তারিখ | যদি কোন সময়ে স্থগিত বা বাতিল করা হইয়া থাকে, তবে কাহার দ্বারা উহা করা হইয়াছিল উহার বিবরণ | তারিখ | স্থগিত বা বাতিলের কারণ |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | |

বিভাগ ৩—আবেদনকারী কর্তৃক প্রদত্ত ঘোষণা

আমি এই মর্মে অঙ্গীকার করিতেছি যে, এই ফরমের বিভাগ ১, ২ ও ৪ এ প্রদত্ত বিবরণ আমার জানামতে ও বিশ্বাসমতে সঠিক ও সত্য এবং বিভাগ ৪ এ উল্লেখিত সংখ্যা, যাহা এই ফরমে পেশ করা হইয়াছে, উহা সত্য; এবং প্রয়োজনীয় কাগজপত্র নির্ভুল। আমি আরও ঘোষণা করিতেছি যে, ৪ এ বিধৃত বিবরণ সত্য এবং, কোন ব্যতিক্রম ছাড়া, আমার চাকুরীর সমগ্র মেয়াদের বিবরণ সঠিক, এবং আমি এইসব তথ্য সত্য জানিয়া স্বজ্ঞানে ঘোষণা করিয়াছি।

তারিখ ঃ স্থান.............................দিন..................মাস.....................১৯................।

............................. .......................উপস্থিতিতে স্বাক্ষরিত

স্বাক্ষর.......................

পদবী .......................

আবেদকারীর স্বাক্ষর বা

আঙ্গুলের ছাপ

বর্তমান ঠিকানা.......................

...............................................

টীকা ঃ

(১) পরীক্ষার জন্য ফিস পরিশোধ করা হইয়াছে মর্মে প্রমাণ হিসেবে ট্রেজারী চালানসহ প্রতিটি আবেদন দাখিল করিতে হইবে।

(২) আবেদনকারীকে আবেদনপত্রের সহিত সাম্প্রতিক তোলা ২ কপি ছবি (আকারে ২ ইঞ্চি × ১.৪ ইঞ্চি যাহার পশ্চাৎ দিকে আবেদনকারীর স্বাক্ষর বা আঙ্গুলের ছাপ থাকিতে হইবে), দাখিল করিতে হইবে।

(৩) ভর্তি সংক্রান্ত কোন মিথ্যা বিবৃতি প্রদান করা হইলে, আবেদনকারীকে বিচারের সম্মুখীন হইতে হইবে।

(৪) অস্পষ্ট আবেদনপত্র গ্রহণযোগ্য হইবে না এবং উহা বাতিল বলিয়া গণ্য হইবে।

## বিভাগ ৪ : প্রশংসাপত্র ও চাকুরীর বিবরণীর তালিকা

(নিম্নের সারণী ১ এ প্রদত্ত সংখ্যার ক্রমানুসারে প্রশংসাপত্রের সংখ্যা লিখিতে হইবে)

১. প্রশংসাপত্রের সংখ্যা (যদি থাকে)।

২. প্রতিটি প্রশংসাপত্রের তারিখ।

৩. প্রশংসাপত্রে স্বাক্ষরকারী কর্মকর্তার নাম।

৪. যে কারখানা ও ওয়ার্কশপে কর্মরত ছিলেন উহার ঠিকানা ও পদমর্যাদা।

৫. সংখ্যা, ধরণ এবং বয়লারের তাপতলের।

৬. নিয়োগের ক্ষেত্রে ধারণক্ষমতা।

৭. আরম্ভ হইবার তারিখ।

৮. অব্যাহতি প্রদানের তারিখ।

৯. বৎসর।

১০. মাস।

১১. দিন।

১২. প্রাথমিক প্রত্যায়নকারী।

১৩. মন্তব্য।

মোট চাকুরী ।

১. যে চাকুরীর জন্য সনদপত্র দাখিল করা হইয়াছে।

২. যে চাকুরীর জন্য সনদপত্র দাখিল করা হয় নাই।

### বিভাগ ৫ : যোগ্যতার সনদপত্র

এই মর্মে প্রত্যয়ন করা যাইতেছে যে, জনাব ........................................................ কে ১৯....... সনের.....................দিনে .......................শ্রেণীর বয়লার পরিচারক হিসেবে যোগ্যতার সনদপত্রের জন্য জিজ্ঞাসাবাদ করা হইয়াছে এবং তিনি ..........................শ্রেণীর বয়লার পরিচারক হিসাবে যোগ্যতার সনদপত্রলাভে তাহার দক্ষতার প্রমাণে সফল বা ব্যর্থ হইয়াছেন। অতএব তিনি কৃতকার্য/অকৃতকার্য হইয়াছেন।

### সনদপত্র বিনিময়

এই মর্মে প্রত্যায়ন করা যাইতেছে যে, জনাব.................................১৯...............সনের .........দিনে...................শ্রেণীর যোগ্যতার সনদপত্র আমাদের নিকট উপস্থাপন করিয়াছেন। আমরা এই মর্মে একমত হইয়াছি যে, তাহার প্রথম/দ্বিতীয় শ্রেণীর যোগ্যতার সনদপত্র লাভের ক্ষেত্রে আমাদের অনুমোদন রহিয়াছে।

### চাকুরীর সনদপত্র

এই মর্মে প্রত্যায়ন করা যাইতেছে যে, জনাব............................................................ ১৯৯.................সনের.....................দিনে আমাদের নিকট যোগ্যতার প্রশংসাপত্র উপস্থাপন করিয়াছেন। আমরা এই মর্মে একমত হইয়াছি যে, তাহাকে প্রথম/দ্বিতীয় শ্রেণীর চাকুরীর সনদপত্র প্রদান করা যাইতে পারে।

আবেদনকারীর ব্যক্তিগত বিবরণ—

(১) জাতীয়তা..........................................

(২) ধর্ম বা বর্ণ........................................

(৩) উচ্চতা ফুট.......................................

(৪) চুলের রং..........................................

(৫) চোখের রং.......................................

(৬) বিশেষ সনাক্তিকরণ চিহ্ন.........................

পরীক্ষক বোর্ডের স্বাক্ষর...................

**সনদপত্র ইস্যু**

সনদপত্র সংখ্যা................শ্রেণীর.........................সনদপত্র এবং দ্বি-নকল এর রেকর্ড।

সচিব
পরীক্ষক বোর্ড।

| ছবি |
|---|

**ফরম খ**

**বয়লার পরিচারক বিধিমালা, ১৯৫৩ এর বিধি ৪৯ এর অধীন**

অনুমোদিত যোগ্যতার সনদপত্রের ফরম।

সনদপত্র নং..............................১৯..................................

স্বাক্ষর বা আঙ্গুলের ছাপ

জনাব.................................., বয়স....................বছর, সাময়িকভাবে বলবৎ বিধিমালা অনুসারে..............শ্রেণীর বয়লার পরিচারক হিসেবে দায়িত্ব পালনের মাধ্যমে তাহার যোগ্যতা প্রমাণ করিয়া আমাদের সন্তুষ্ট করিতে সক্ষম হইয়াছেন, আমরা উক্ত বিধিমালা, অর্থাৎ, বয়লার পরিচারক বিধিমালা, ১৯৫৩ অনুসারে ১৯..............সনের ..............দিনে.............শ্রেণীর যোগ্যতার সনদপত্র অনুমোদন করিয়াছি।

**পরীক্ষক বোর্ডের চেয়ারম্যান**

পরীক্ষক বোর্ডের সচিব

(১) সনদপত্র সংখ্যা..................শ্রেণী....................সনদপত্র এবং দ্বি-নকল রেকর্ড।

(২) মালিকের স্বাক্ষর বা আঙ্গুলের ছাপ।

(৩) জন্মস্থান ও তারিখ।

(৪) মালিকের ঠিকানা।

(৫) ব্যক্তিগত বিবরণ।

(৬) জাতীয়তা।

(৭) ধর্ম বা বর্ণ।

(৮) জুতা ছাড়া উচ্চতা।

(৯) গায়ের রং।

(১০) চুলের রং।

(১১) চোখের রং।

(১২) বিশেষ সনাক্তিকরণ চিহ্ন।

**ফরম গ**

**বয়লার পরিচারক বিধিমালা, ১৯৫৩ এর বিধি ৪৯ এর অধীন**

অনুমোদনীয় যোগ্যতার সনদপত্রে ফরম হইয়াছে।

বিনিময় সনদপত্র

ছবি

সনদপত্র নং..............................১৯......................

জনাব....................................বর্তমানে..............................স্থানে বসবাস করিতেছেন বয়লার পরিচারক হিসেবে তাহাকে................কর্তৃক..............তারিখে................প্রদত্ত......... শ্রেণীর যোগ্যতা সনদপত্র উপস্থাপন করিয়া আমাদের সন্তুষ্ট করিতে সক্ষম হইয়াছেন, আমরা উক্ত বিধিমালা, অর্থাৎ, বয়লার পরিচারক বিধিমালা, ১৯৫৩ অনুসারে ১৯...............সনের .............দিনে .............শ্রেণীর যোগ্যাতার সনদপত্র অনুমোদন করিয়াছি।

পরীক্ষক বোর্ডের চেয়ারম্যান

পরীক্ষক বোর্ডের সচিব এর স্বাক্ষর বা বৃদ্ধাঙ্গুলের ছাপ।

(১) সনদপত্র সংখ্যা..................শ্রেণী.....................সনদপত্র এবং দ্বি-নকল এর রেকর্ড।

(২) মালিকের স্বাক্ষর বা আঙ্গুলের ছাপ।

(৩) জন্মস্থান ও তারিখ।

(৪) মালিকের ঠিকানা।

(৫) ব্যক্তিগত বিবরণ।

(৬) জাতীয়তা।

(৭) ধর্ম বা বর্ণ।

(৮) জুতা ছাড়া উচ্চতা।

(৯) গায়ের রং।

(১০) চুলের রং।

(১১) চোখের রং।

(১২) বিশেষ সনাক্তিকরণ চিহ্ন।

**ফরম ঘ**

**বয়লার পরিচারক বিধিমালা, ১৯৫৩ এর বিধি ৪৯ এর অধীন**

**অনুমোদনীয় যোগ্যতার সনদপত্রের ফরম।**

**চাকুরীর সনদপত্র**

ছবি

সনদপত্র নং.......................... ১৯...............................

স্বাক্ষর বা আঙ্গুলের ছাপ

জনাব................................, বয়স...................বছর, সাময়িকভাবে বলবৎ বিধিমালা অনুসারে বয়লার পরিচারক হিসেবে দায়িত্ব পালনের মাধ্যমে তাহার যোগ্যতা প্রমাণ করিয়া আমাদের সন্তুষ্ট করিতে সক্ষম হইয়াছেন, আমরা উক্ত বিধিমালা, অর্থাৎ, বয়লার পরিচারক বিধিমালা, ১৯৫৩ অনুসারে ১৯..............সনের .............দিনে.............শ্রেণীর যোগ্যতার সনদপত্র অনুমোদন করিয়াছি।

**পরীক্ষক বোর্ডর চেয়ারম্যান**

পরীক্ষক বোর্ডের সচিব

(১) সনদপত্র সংখ্যা.................শ্রেণী....................সনদপত্র এবং দ্বি-নকল এর রেকর্ড।
(২) মালিকের স্বাক্ষর বা আঙ্গুলের ছাপ।
(৩) জন্মস্থান ও তারিখ।
(৪) মালিকের ঠিকানা।
(৫) ব্যক্তিগত বিবরণ।
(৬) জাতীয়তা।
(৭) ধর্ম বা বর্ণ।
(৮) জুতা ছাড়া উচ্চতা।
(৯) গায়ের রং।
(১০) চুলের রং।
(১১) চোখের রং।
(১২) বিশেষ সনাক্তিকরণ চিহ্ন।

মোঃ মাছুম খান (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ মজিবুর রহমান (যুগ্ম-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। www.bgpress.gov.bd